৩

স্নাতকোত্তর পরীক্ষা ২০২২

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ১

বাংলা প্রবন্ধ

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। ভারতচন্দ্রকে সমর্থনের সময় রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ভারতচন্দ্রের বিরুদ্ধে উত্থাপিত বক্তব্যগুলিও যুক্তি পরম্পরায় খণ্ডন করেছেন। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

২। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পুস্তিকা রচনার ইতিবৃত্ত বর্ণনা করো। প্রসঙ্গত পুস্তিকাটির বৈশিষ্ট্য লেখো। ৫+৫=১০

৩। 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন'এ বঙ্কিমচন্দ্রের বক্তব্য উল্লেখ করে তাঁর অভিমত এখনো গ্রাহ্য কিনা তা লেখো। ১০

একক - ২

৪। 'প্রাচ্য ও পাশ্চাত্য' রচনাটিতে ভারতবর্ষের আর্য-অনার্য দ্বন্দ্বের সঙ্গে পাশ্চাত্যের ঔপনিবেশিকতার শাসনের যে তুলনা রয়েছে সে বিষয়ে বিস্তারে আলোচনা করো। ১০

৫। 'প্রাচ্য ও পাশ্চাত্য' রচনায় বিবেকানন্দ সাধু-চলিত দুই চালের ভাষা পাশাপাশি কেন ব্যবহার করেছেন তা উদাহরণসহ আলোচনা করো। ১০

৬। 'খেলা হচ্ছে জীবজগতে একমাত্র নিষ্কাম কর্ম, অতএব মোক্ষলাভের একমাত্র উপায়।' — প্রমথ চৌধুরীর এই মন্তব্য মাথায় রেখে 'সাহিত্যে খেলা' প্রবন্ধটির মূল ভাবটি স্পষ্ট করো। ১০

একক - ৩

৭। 'রবি প্রদক্ষিণ' প্রবন্ধে মোহিতলাল মজুমদার রবীন্দ্রনাথের কবিপ্রতিভাকে দুটি অর্ধে বিভক্ত করে রবীন্দ্র-কবিপ্রতিভার বিষয়ে আলোচনা করেছেন। এ-বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৮। 'মূল রসতত্ত্বের আলোচনায় Realism বা Idealism প্রভৃতির নামকরণের কোন সার্থকতা নাই — কোন কাব্যই একেবারে Real বা একেবারে Ideal হইতে পারে না।' এই মন্তব্যের প্রেক্ষিতে 'সাহিত্য ও যুগধর্ম' প্রবন্ধটি বিশ্লেষণ করো। ১০

৯। 'পালা-বদল' কাব্য প্রসঙ্গে কবি অমিয় চক্রবর্তী সম্পর্কে বুদ্ধদেব বসুর মূল্যায়ন তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

(ক) 'তিনি যদি মহাভারত সমাপ্ত করিয়া যাইতে পারিতেন তবে তাহা অতি মধুর হইত'

(খ) 'আমরা এই পত্রকে সুশিক্ষিত বাঙ্গালীর পাঠোপযোগী করিতে যত্ন করিব'

(গ) ধর্ম ও মোক্ষ

(ঘ) 'যথার্থ আর্টিস্টের মন সকল দেশেই সংসারে নির্লিপ্ত, কস্মিন্‌কালে বিষয়বাসনায় আবদ্ধ নয়'

(ঙ) 'কবিত্বের ধর্ম প্রকাশ'

(চ) 'অবস্থাটাকে বলা যেতে পারে প্রৌঢ়ত্বের শৈশব'

—

# স্নাতকোত্তর পরীক্ষা ২০২২

## বাংলা

## সেমেস্টার: ৩ কোর্স: ২

সময়: ৩ ঘন্টা — পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। রবীন্দ্রনাথের 'মদনভস্মের পূর্বে' এবং 'মদনভস্মের পর' কবিতাদুটিকে পরস্পরের পরিপূরক বলা যায় কিনা আলোচনা করে দেখাও। ১০

২। 'বলাকা' কাব্যে রবীন্দ্রনাথের গতিচেতনার বিশেষত্বের দিকগুলি পর্যালোচনা করো। ১০

৩। রবীন্দ্রনাথের 'পুনশ্চ' কাব্যে এমন কয়েকটি কবিতা আছে যেখানে গল্পের বস্তুভূমি থেকে উদ্ভূত ও বিকশিত হয়ে কবিতার মুক্ত বাতায়নে সেগুলি নিষ্ক্রান্ত হয়ে যায়। তোমার পঠিত যে-কোনো একটি কবিতা বিশ্লেষণ করে এই বক্তব্যের যথার্থতা বুঝিয়ে দাও। ১০

একক - ২

৪। 'রক্তকরবী' নাটকে রবীন্দ্রনাথ রামায়ণের নানা উপাদানকে কীভাবে ভাবগত ও রূপগত দিক দিয়ে প্রয়োগ করেছেন তা সবিস্তারে আলোচনা করো। ১০

৫। 'রক্তকরবী' নাটকে সর্দার কীভাবে রাজাকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছে তা আলোচনা করো। ১০

৬। 'রক্তকরবী' নাটকে খোদাইকরদের মনে কীভাবে অবস্থাবদলের পক্ষে সামূহিক-চেতনার সঞ্চার হল তা আলোচনা করো। ১০

একক - ৩

৭। রবীন্দ্রনাথ তাঁর 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধে যেভাবে বঙ্কিম-প্রতিভার মূল্যায়ন করেছেন তার মূল দিকগুলি বিশ্লেষণ করো। ১০

৮। রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত উল্লেখ করে এ-বিষয়ে তোমার বক্তব্য জানাও। ১০

৯। 'সভ্যতার সংকট' প্রবন্ধটি যেন রবীন্দ্রনাথের দেশচিন্তার নির্যাস হয়ে আছে— ব্যাখ্যা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২ x ৫ = ১০

ক) 'গাহিতে চাহিছে হিয়া পুরাতন ক্লান্ত বরষের
সর্বশেষ গান।'

খ) 'বলাকা' কাব্যে 'মুক্তক'-এর ব্যবহার

গ) 'ওর ভাষা গৃহস্থ পাড়ার ভাষা—'

ঘ) 'দুখজাগানিয়া'

ঙ) 'আধুনিক বঙ্গসাহিত্যে প্রেমের সংগীত এরূপ সহস্রধার উৎসের মতো কোথাও উৎসারিত হয় নাই।'

চ) 'অবাধে অন্যায় করবার অধিকারই যে ঐশ্বর্যের লক্ষণ এই বিশ্বাসটা কলুষিত করেছে তখনকার দেবচরিত্র-কল্পনাকে।'

------------------------------

স্নাতকোত্তর পরীক্ষা ২০২২

বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: ৩

রবীন্দ্রসাহিত্য (উপন্যাস, ছোটোগল্প, চিঠিপত্র)

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত।

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রত্যেক একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক -১

১। 'গোরা' উপন্যাসে সময়ের যে বিন্যাস ধরা পড়ে, সে সম্পর্কে বিশদে আলোচনা করো। ১০

২। গোরা কহিল, "মা, তুমিই আমার মা। যে মাকে খুঁজে বেড়াচ্ছিলুম তিনিই আমার ঘরের মধ্যে এসে বসে ছিলেন।" গোরা উপন্যাসে যে মায়ের খোঁজ করা করছিল, তার স্বরূপটি স্পষ্ট করে দেখাও। কীভাবে আনন্দময়ীই গোরার সেই মা হয়ে উঠছেন? ১০

৩। "সুচরিতা, আমি আর তোমার গুরু নই। আমি তোমার কাছে এই বলে প্রার্থনা জানাচ্ছি, আমার হাত ধরে তোমার ওই গুরুর কাছে আমাকে নিয়ে যাও।" – সমগ্র উপন্যাসের পরিপ্রেক্ষিতে গোরার উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

একক-২

৪। "বনোয়ারির মনে হইল, বাড়ির সমস্ত চাকরবাকর এই অশ্রদ্ধিত, এই পরিত্যক্তকে লইয়া আপনাদের মধ্যে হাসিতামাশা করিতেছে। যে মানুষ বাড়ির অথচ বাড়ির নহে, তাহার মতো ভাগ্যকর্তৃক পরিহসিত আর কে আছে। পথের ভিক্ষুকও নহে।"- আলোচনা করো। ১০

৫। "হৈমন্তীর ব্যর্থতাকে উপলক্ষ করে কথকের অনুভবটাই লক্ষ্যরূপে প্রতীয়মান – তার অনুভব থেকেই পাঠকের প্রতীতির উদ্ভাসন।"– তুমি কি এই মন্তব্য সমর্থন করো? কেন? ১০

৬। 'বোষ্টমী' গল্পে দুজন 'আমি' রয়েছে। এই দুই 'আমি'র প্রাসঙ্গিকতা বুঝিয়ে দাও। ১০

একক-৩

৭। 'জাভা যাত্রীর পত্র'-র প্রথম চিঠিতে রবীন্দ্রনাথের ইউরোপ সম্বন্ধে মোহভঙ্গের পরিচয় দাও। ১০

৮। রবীন্দ্রনাথের নৃত্যভাবনা গড়ে ওঠার পিছনে ইন্দোনেশিয়া ভ্রমণের গুরুত্ব বিচার করো। ১০

৯। 'এই টলমলে অবস্থায় এখনো দুটো পাকা ঠিকানা পেয়েছি আমার বানপ্রস্থের—গান আর ছবি' – বর্তমান উদ্ধৃতির পরিপ্রেক্ষিত আলোচনা করে গান ও ছবি নিয়ে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ৪ + ৬ = ১০

২x৫ = ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি):

ক. 'সে দিকে মল্লিকদের বাগানে কাঞ্চনগাছ গোলাপি ফুলে আচ্ছন্ন।'

খ. 'আমি সহজ-আনন্দময় জীবনেশ্বরকে প্রণাম করিলাম।'

গ. নন্দ মিস্ত্রির মৃত্যু

ঘ. 'হরিমোহিনীর হাতে' 'গোরার লিখন'

ঙ. 'জাভা যাত্রীর পত্র'-এ রবীন্দ্রনাথের মহাভারত ভাবনা

চ. মানুষের চেষ্টা যেখানে চরমকে, ultimate-কে, স্পর্শ করেছে সেইখানেই তার গান জেগেছে।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২২

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ৪

সাহিত্যতত্ত্ব, সাহিত্য আন্দোলন ও সমালোচনা পদ্ধতি

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। ভারতীয় অলংকার শাস্ত্রে 'ধ্বনি' বলতে কী বোঝানো হয়েছে? আনন্দবর্ধনের অনুসরণে ধ্বনির শ্রেণিবিভাগ সম্পর্কে আলোচনা করো। ১০

২। অলংকারবাদ কী? এ বিষয়ে যে-কোনো দুজন ভারতীয় আলংকারিকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ২+৮ = ১০

৩। 'ক্রিয়া বাদ দিলে ট্রাজেডি অসম্ভব, কিন্তু চরিত্র বাদ দিয়ে ট্রাজেডি সম্ভব।' — অ্যারিস্টটলের এই মন্তব্যটি ব্যাখ্যা করো। সেই সূত্রে ট্রাজেডিতে চরিত্র রচনার ক্ষেত্রে কোন কোন ব্যাপারে লক্ষ্য দিতে হবে বলে তিনি মনে করেছেন, তা আলোচনা করো। ১০

একক — ২

৪। 'আধুনিক কাব্য' প্রবন্ধ অবলম্বনে উনিশ ও বিশ শতকীয় আধুনিকতার পার্থক্য বিচার করো। ১০

৫। বিশ শতকের তৃতীয় দশকের অশ্লীলতা বিতর্কে রবীন্দ্রনাথের অবস্থান ও তাঁর মতের যাথার্থ্য নিরূপন করো। ১০

৬। অশ্লীলতা ও আধুনিকতার অনুষঙ্গে বিশ শতকের তৃতীয় ও চতুর্থ দশকে রচিত বাংলা সাহিত্যের যে বৈশিষ্ট্য রবীন্দ্রনাথের চোখে ধরা পড়েছে তা আলোচনা করো। ১০

একক — ৩

৭। রোমান্টিক সাহিত্য আন্দোলনের কারণ কী? রোমান্টিক সাহিত্যের বৈশিষ্ট্যগুলি কী কী? এই আন্দোলনে যুক্ত কয়েকজন ইংরেজ কবির কাব্য-কবিতার উল্লেখ করো। ৩+ ৪+ ৩ = ১০

৮। ন্যাচারালিস্ট সাহিত্য আন্দোলনের উদ্ভব ও বৈশিষ্ট্য আলোচনা করে এই আন্দোলনের সঙ্গে যুক্ত কয়েকজন বিশিষ্ট লেখকের নাম ও তাঁদের রচনার উল্লেখ করো। ৩+ ৩+ ৪ = ১০

৯। 'সমালোচনা পদ্ধতিগুলো যেন একগোছা চাবি। এক-এক চাবির সৌজন্যে খুলে যায় পাঠ-সম্ভাবনার নতুন নতুন দিগন্ত।' উদাহরণ সহযোগে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২x ৫= ১০

ক) চিত্রকাব্য

খ) উদ্ঘাটন সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য

গ) 'সাহিত্যধর্মের সীমানা'

ঘ) 'আধুনিকটা সময় নিয়ে নয়, মর্জি নিয়ে'

ঙ) প্রতীকবাদী সাহিত্য আন্দোলনের বৈশিষ্ট্য

চ) 'জীবনীমূলক সাহিত্য-সমালোচনা'-র ধারায় জগদীশ ভট্টাচার্যের 'কবিমানসী'-র স্বাতন্ত্র্য